

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮ ১৭

খোয়াই, ২৩ জুলাই, ২০২৪

**খোয়াই জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসব**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ খোয়াইয়ের পুরাতন টাউনহলে খোয়াই জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসব অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে গুরু পূর্ণিমার তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন অবসরপ্রাপ্ত শিক্ষক নির্মল চৌধুরী ও পরিমল নন্দী। সভাপতিত্ব করেন মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য নির্বার ভৌমিক। স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ বণিক। অনুষ্ঠানে খোয়াই জেলার ৪ জন গুরুকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উৎসবে বিভিন্ন সংস্থার শিল্পীগণ সংগীত ও নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য শুভ্রম আইচ, অবসরপ্রাপ্ত শিক্ষক মাধু চৌধুরী, বীরমোহন দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*